

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.১০.০১৬.১৭-৩৫৭

তারিখঃ ১৬.১০.২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ- অনলাইনে এম.পি.ও ভুক্তির জন্য আইনগত মতামত প্রসঙ্গে।

সূত্রঃ (১) জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ-এর স্মারক নং-৩৭.০২.৬১০০.০০০.০৪.০০১.১৭-৭৭২, তারিখ:- ০৪.১০.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন আচারগাঁও ফায়িল(ডিগ্রী) মাদরাসার গভর্নিং বডি'র ১০-১২-২০১৬ খ্রিঃ তারিখের সভায় নিয়োগ অনুমোদনক্রমে সর্ব জনাব(১)আয়শা, স্বামী-মইজউদ্দিন ফকির ও (২)সাবিকুন্নাহার, স্বামী-আমিনুল হক, সহকারী মৌলভী পদে যোগদান করেন।

০২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ কর্তৃক প্রেরিত রেকর্ড পত্র পর্যালোচনায় দেখা যায় যে, সহকারী মৌলভীর ০২টি পদে ০৮-১২-২০১৬ খ্রিঃ তারিখে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

০৩. ডিজির প্রতিনিধির সমন্বয়ে গঠিত নিয়োগ কমিটি কর্তৃক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করে নিয়োগের জন্য বর্ণিত ০২ জন প্রার্থীকে সুপারিশ করা হয়।

০৪. নিয়োগ কমিটির সুপারিশকৃত ০২ জন শিক্ষক যথাক্রমে (১) আয়শা ও (২) সাবিকুন্নাহারকে সহকারী মৌলভী পদে নিয়োগ নিয়মিত গভর্নিং বডি কর্তৃক অনুমোদন করা হয়।


০৫. বর্ণিত ০২ জন শিক্ষক প্যাটার্ন মোতাবেক স্ব-স্ব শূন্য পদে যোগদান করেন।

০৬. জনাব মোঃ আব্দুল কুদ্দুছ, পিতা-মৃত আক্তার হোসেন, উপজেলা-হোসেনপুর, জেলা-কিশোরগঞ্জ বর্ণিত ০২ জন শিক্ষকের নিয়োগ সম্পূর্ণ অবৈধ, বেআইনী, যোগসাজশী হয়েছে দাবী করে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ ও সভাপতি সহ ২১ জনকে বিবাদী করে নান্দাইল বিজ্ঞ সিনিয়র জজ আদালতে একটি অন্য প্রকার মামলা করেন, যার নং-১৪৪/২০১৫।

০৭. উক্ত মামলার ০৭-০৬-২০১৭ খ্রিঃ তারিখের রায়ে বলা হয়েছে “that the petition is hereby allowed on contest against the plaintiff side. the plaint of the instant suit is here by rejected Composed and corrected by me”

০৮. বর্ণিত মামলার প্রেক্ষিতে উক্ত নিয়োগের বিষয়ে কোন নিষেধাজ্ঞা জারী করা হয় নি।

০৯. এমতাবস্থায় সহকারী মৌলভী পদে নিয়োগকৃত ০২ জন শিক্ষক (১) আয়শা ও (২) সাবিকুন্নাহার এর এমপিও ভুক্তিতে আইনগত কোন বাধা আছে মর্মে এ অধিদপ্তর মনে করে না। উপরিউক্ত মতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৬/১০/২০১৭

(মোঃ ফরিদ আহমেদ)

সহকারী পরিচালক (অডিট ও আইন)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

মোবাইলঃ ০১৭৫১৫৬০৯৯২

জেলা শিক্ষা অফিসার
ময়মনসিংহ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা: নান্দাইল জেলা: ময়মনসিংহ। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. অধ্যক্ষ, আচারগাঁও ফায়িল(ডিগ্রী) মাদরাসা, ডাকঘর ও উপজেলা: নান্দাইল, জেলা:- ময়মনসিংহ।
৫. সভাপতি, গভর্নিং বডি, আচারগাঁও ফায়িল(ডিগ্রী) মাদরাসা, ডাকঘর ও উপজেলা: নান্দাইল, জেলা:- ময়মনসিংহ।
৬. অফিস কপি